গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
শাখা-৩ (সঞ্চয়)।

প্রজ্ঞাপন

তারিখ ২৫ শে জ্যৈষ্ঠ, ১৪০২ / ০৮ ই জুন, ১৯৯৫ ইং।

নং অম/অসবি-৩/সঞ্চয়/এস-১/৯৩(অংশ-২)/২৬৬ — গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আগামী ২ রা জুলাই, ১৯৯৫ ইং / ১৮ ই আষাঢ়, ১৪০২ বাংলা রবিবার হইতে বর্তমানে প্রচলিত ১০ টাকা ও ৫০ টাকা মূল্যমান প্রাইজবন্ডের পরিবর্তে, নিম্নলিখিত শর্তাবলীর ভিত্তিতে, ১০০ টাকা মূল্যমানের বাংলাদেশ প্রাইজবন্ড বাজারে চালু করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে : —

(১) যেখান হইতে বিক্রয় করা হইবে :

(ক) বাংলাদেশ ব্যাংকের সকল অফিস,
(খ) সকল বানিজ্যিক ব্যাংক, শিল্প ব্যাংক এবং কৃষি ব্যাংক,
(গ) জাতীয় সঞ্চয় ব্যুরো,
(ঘ) সকল হেড পোষ্ট অফিস এবং সাব-পোষ্ট অফিস।

(২) প্রত্যেক সিরিজে ১০ (দশ) লক্ষ পিস (যাহার মোট মূল্য দশ কোটি টাকা) প্রাইজবন্ড ইস্যু করা হইবে।

(৩) প্রাইজবন্ডের উপর কোন প্রকার সুদ প্রদেয় নহে।

(৪) পুরস্কারের জন্য "ড্র" পদ্ধতি :

(ক) এই বন্ডের প্রথম "ড্র" অনুষ্ঠিত হইবে ৩১ শে অক্টোবর '৯৫ ইংরেজী তারিখে।
(খ) পরবর্তিতে ১০০ টাকা মূল্যমান প্রাইজবন্ডের "ড্র" প্রতি তিন মাস অন্তর অনুষ্ঠিত হইবে। অর্থাৎ প্রতি বছর ৩১ শে জানুয়ারী, ৩০শে এপ্রিল, ৩১ শে জুলাই এবং ৩১ শে অক্টোবর এই "ড্র" অনুষ্ঠিত হইবে। পুরস্কার প্রদানের জন্য সাধারণ ও প্রচলিত "ড্র" পদ্ধতি অনুসরণ করা হইবে, এবং পুরস্কার প্রাপ্ত নম্বর সকল সিরিজের জন্য প্রযোজ্য হইবে।
(গ) নির্ধারিত কোন তারিখে কখনো সরকারী ছুটি থাকিলে ছুটির পর সরকারী কার্যদিবসে "ড্র" অনুষ্ঠিত হইবে।
(ঘ) "ড্র" অনুষ্ঠানের পর পুরস্কারপ্রাপ্ত নম্বরসমূহ জনসাধারণের জ্ঞাতার্থে সরকারী প্রজ্ঞাপনের মাধ্যমে প্রচার করা হইবে।
(ঙ) যে তারিখে "ড্র" অনুষ্ঠিত হইবে সেই তারিখ হইতে ০২(দুই) মাস পূর্বে (বিক্রয়ের তারিখ হইতে এবং "ড্র" এর তারিখ বাদ দিয়া) যে সমস্ত বন্ড বিক্রয় হইবে সেইগুলি আসন্ন "ড্র" - এর আওতায় আসিবে। অর্থাৎ বন্ডে নির্দেশিত বিক্রয় তারিখ হইতে ন্যূনতম ০২(দুই) মাস অতিক্রমের পর উক্ত বন্ড "ড্র" - এর আওতায় আসিবে।

(৫) "ড্র" কমিটি :

(ক) সরকার কর্তৃক নিয়োজিত "ড্র" কমিটি কর্তৃক প্রাইজবন্ডের "ড্র" অনুষ্ঠিত হইবে।
(খ) সরকার কর্তৃক নির্ধারিত স্থানে ঢাকায় উক্ত বন্ডের সকল "ড্র" অনুষ্ঠিত হইবে।

চলমান পাতা /২

(৬) পুরস্কারের অর্থ ঃ

(ক) ১০০ টাকা মূল্যমান প্রাইজবন্ডের প্রতি "ড্র" - তে প্রতি সিরিজে নিম্নমূল্যমান পুরস্কার প্রদান করা হইবে ঃ —

ক্রমিক নং	পুরস্কারের নাম	প্রতিটি মূল্য(টাকায়)	প্রতিটির সংখ্যা	মোট মূল্য (টাকায়)
০১।	১ম পুরস্কার	টাঃ ১০,০০,০০০/-	০১(এক)টি	টাঃ ১০,০০,০০০/-
০২।	২য় পুরস্কার	টাঃ ৫,০০,০০০/-	০১(এক)টি	টাঃ ৫,০০,০০০/-
০৩।	৩য় পুরস্কার	টাঃ ১,০০,০০০/-	০২(দুই)টি	টাঃ ২,০০,০০০/-
০৪।	৪র্থ পুরস্কার	টাঃ ৫০,০০০/-	০৪(চার)টি	টাঃ ২,০০,০০০/-
০৫।	৫ম পুরস্কার	টাঃ ২৫,০০০/-	১২(বার)টি	টাঃ ৩,০০,০০০/-
০৬।	৬ষ্ঠ পুরস্কার	টাঃ ১০,০০০/-	৩০(ত্রিশ)টি	টাঃ ৩,০০,০০০/-
		সর্ব মোট =	৫০(পঞ্চাশ)টি	টাঃ ২৫,০০,০০০/-

(খ) পুরস্কারের অর্থ আয়কর এবং অন্যান্য করমুক্ত থাকিবে, তবে সরকার প্রজ্ঞাপন দ্বারা সময়ে সময়ে ইহা পরিবর্তন করিতে পারিবে।

(গ) পুরস্কারের অর্থ পরিশোধ প্রসংগে ঃ

পুরস্কার বিজয়ী বন্ডধারী সরাসরি অথবা যে কোন ব্যাংকের মাধ্যমে "ড্র" অনুষ্ঠানের তারিখের ০২(দুই) বছরের মধ্যে বাংলাদেশ ব্যাংকের যে কোন অফিসে পুরস্কার বিজয়ী প্রাইজবন্ডটিসহ নির্ধারিত ফরমে তাহার দাবী উপস্থাপন করিতে পারিবে।

(ঘ) পুরস্কার বিজয়ীকে পুরস্কারের অর্থ বাংলাদেশ ব্যাংকের অফিসগুলির মাধ্যমে (পুরস্কার বিজয়ী যে অফিসের মাধ্যমে দাবী পেশ করিবে) প্রদান করা হইবে।

(ঙ) পুরস্কার প্রাপ্ত বন্ডটি ফেরৎ দেওয়া হইবে না। তবে, উহার অভিহিত মূল্য পুরস্কারের অর্থের সংগে প্রদান করা হইবে।

(৭) ক্রয়ের পর প্রাইজবন্ড বাংলাদেশ ব্যাংক, পোষ্ট অফিস, জাতীয় সঞ্চয় ব্যুরো এবং তফশিলী ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকের যে কোন শাখায় অবাধে ভাংগানোর সুযোগ থাকিবে।

(৮) ১৫ই জুন, ১৯৯৫ ইং তারিখের পর ১০ টাকা ও ৫০ টাকা মূল্যমানের প্রাইজবন্ডের আর কোন "ড্র" অনুষ্ঠিত হইবে না।

(৯) বাংলাদেশ ব্যাংক, পোষ্ট অফিস, জাতীয় সঞ্চয় ব্যুরো, এবং তফশিলী ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকের যে কোন শাখা হইতে বন্ডধারীদের চাহিদানুযায়ী ১০ টাকা ও ৫০ টাকা মূল্যমান প্রাইজবন্ডের বিনিময় মূল্য নগদ অথবা সমমূল্যের ১০০ টাকা মূল্যমানের প্রাইজবন্ড প্রদান করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ আবুল বাসার জোয়ার্দার)
উপ-সচিব।

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।

(অবিলম্বে বাংলাদেশ সরকারী গেজেটে অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করতঃ ১০০ (একশত) কপি অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।

(৮৩)

নং শ্রম/অদবি-৩/শিক্ষা/এস-১/৯৩(অংশ-২)/২৬৬(৫)

তারিখ ঃ ০৮-০৬-১৯৯৫ ইং / ২৫-০২-১৪০২ বাং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১। সকল সচিব ।
২। গভর্ণর , বাংলাদেশ ব্যাংক , ঢাকা ।
৩। মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ , ডাক অধিদপ্তর , ঢাকা ।
৪। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ , ঢাকা ।
৫। পরিচালক, জাতীয় সঞ্চয় পরিদপ্তর , ঢাকা । তাঁহাকে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে অনুরোধ করা হইল ।

(মোঃ আবুল বাশার জোয়ার্দার)
উপ-সচিব ।
৮/৬/৯৫

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ৩০, ২০০৪

পেনশনার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আষাঢ়, ১৪১১ বঙ্গাব্দ/২৭ জুন, ২০০৪ খ্রিস্টাব্দ

নং অম/অসবি/সঞ্চয়/০২/২০০৪/১৯০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নবর্ণিত নীতিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন ঃ**

(১) এই নীতিমালা "পেনশনার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৪" নামে অভিহিত হইবে।

(২) এই নীতিমালা, ২০০৪ সালে প্রবর্তিত "পেনশনার সঞ্চয়পত্র" এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা ঃ** বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই নীতিমালা—

(ক) "ইস্যু অফিস" বলিতে বাংলাদেশ ব্যাংক, সকল বাণিজ্যিক ব্যাংক, ডাকঘর, জাতীয় সঞ্চয় ব্যুরো ও উহাদের যে-কোন শাখা অফিস বুঝাইবে।

(খ) "ফরম" বলিতে এই নীতিমালার সহিত সংযোজিত সঞ্চয়পত্র ক্রয়ের ফরম বুঝাইবে।

(গ) "তিন মাস" বলিতে ইংরেজী ক্যালেণ্ডারের হিসাবে তিন মাস বুঝাইবে।

(ঘ) "সঞ্চয়পত্র" বলিতে "পেনশনার সঞ্চয়পত্র" বুঝাইবে।

(ঙ) "সনদপত্র" বলিতে বিনিয়োগকারী নিয়োগ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আনুতোষিক ও ভবিষ্য তহবিল গ্রহণের সনদপত্র বুঝাইবে।

(চ) "পেনশনার" বলিতে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত চাকরিজীবী এবং পারিবারিক পেনশনের আওতায় মৃত চাকরিজীবীর স্বামী/স্ত্রী/সন্তান-কে বুঝাইবে।

৩। **সঞ্চয়পত্র ক্রয়ের যোগ্যতা ঃ**

(১) যে-কোন অবসরপ্রাপ্ত সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ব্যক্তি একক নামে।

(২) অবসর গ্রহণকারী যাহাদের চাকুরী কমপক্ষে ২০ বৎসর পূর্ণ হইয়াছে।

(৩) অবসর গ্রহণকারী যাহাদের বয়স ন্যূনতম ৫৫ বৎসর হইয়াছে।

(৪) পারিবারিক পেনশনের আওতায় মৃত/অবসরপ্রাপ্ত সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মৃত কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী/সন্তান এই সঞ্চয়পত্র ক্রয় করিতে পারিবেন।

৪। **মেয়াদ** ঃ সঞ্চয়পত্রের মেয়াদ ৫ (পাঁচ) বৎসর হইবে। মেয়াদ শেষে আসল পুনঃবিনিয়োগ-যোগ্য। প্রতি ৩ মাস অন্তর কুপনের মাধ্যমে মুনাফা উত্তোলন করা যাইবে।

৫। **মূল্যমান** ঃ সঞ্চয়পত্রের মূল্যমান হইবে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা, ১ (এক) লক্ষ টাকা, ২ (দুই) লক্ষ টাকা, ৫ (পাঁচ) লক্ষ টাকা এবং ১০ (দশ) লক্ষ টাকা।

৬। **ক্রয়সীমা** ঃ অবসর গ্রহণের পর প্রাপ্ত আনুতোষিক এবং ভবিষ্য তহবিলের অর্থ মিলিয়ে সর্বোচ্চ এক নামে ২০ (বিশ) লক্ষ টাকা।

৭। **ক্রয় পদ্ধতি ও নিবন্ধন ঃ**

(১) নির্ধারিত ফরম পূরণ করিয়া ইস্যু অফিসে নগদ অর্থ বা চেকের মাধ্যমে এই সঞ্চয়পত্র ক্রয় করা যাইবে। চেকের মাধ্যমে সঞ্চয়পত্র ক্রয় করিলে চেকে উল্লেখিত অর্থ সংগ্রহের (Collection) তারিখে সঞ্চয়পত্র ইস্যু করা হইবে।

(২) ইস্যু অফিস বিনিয়োগকারী নাম, ঠিকানা ও তৎকর্তৃক ক্রয়কৃত সঞ্চয়পত্রের বিবরণাদি এতদুদ্দেশ্যে বর্ণিত একটি রেজিষ্টারে নিবন্ধন করিবেন।

(৩) সঞ্চয়পত্রের ক্রেতা ইতোপূর্বে আনুতোষিক ও ভবিষ্য তহবিলের অর্থে যে-কোন সঞ্চয়পত্র ক্রয় করিয়া থাকিলে উক্ত সঞ্চয়পত্র মেয়াদান্তে অথবা মেয়াদ পূর্তির পূর্বে নগদায়নকৃত অর্থ পেনশনার সঞ্চয়পত্রে বিনিয়োগ করিতে পারিবেন।

(৪) সঞ্চয়পত্র ক্রেতাকে এই মর্মে ঘোষণা প্রদান করিতে হইবে যে, তিনি ইতোপূর্বে আনুতোষিক ও ভবিষ্য তহবিলের অর্থে অন্য কোন ইস্যু অফিস হইতে পেনশনার সঞ্চয়পত্র ক্রয় করেন নাই বা ক্রয়ের জন্য আবেদন করেন নাই। অসত্য ঘোষণাপত্র প্রদানের কারণে সমুদয় সঞ্চয়পত্রের মুনাফা বাজেয়াপ্ত করা হইবে।

৮। **নমিনি মনোয়ন ঃ**

(১) বিনিয়োগকারী যে-কোন এক বা একাধিক ব্যক্তিকে নমিনি মনোনয়ন প্রদান করিতে পারিবেন। বিনিয়োগকারীর মৃত্যুর ক্ষেত্রে এরূপ মনোনয়ন কার্যকর হইবে।

(২) বিনিয়োগকৃত অর্থের সম্পূর্ণ অথবা অংশবিশেষের জন্য নমিনি মনোনয়ন প্রদান করা যাইবে।

(৩) বিনিয়োগের সময় নমিনি মনোনয়ন প্রদান না করিলে পরবর্তী সময়েও বিনিয়োগকারী ইচ্ছা করিলে নমিনি মনোনয়ন প্রদান করিতে পারিবেন।

(৪) বিনিয়োগকারী ইচ্ছা করিলে যে-কোন সময় নমিনি পরিবর্তন বা বাতিল করিতে পারিবেন।

(৫) বিনিয়োগকারীর পূর্বে মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণের মৃত্যু হইলে সংশ্লিষ্ট মৃত ব্যক্তির ক্ষেত্রে উক্ত মনোনয়ন বাতিল বলিয়া গণ্য হইবে।

(৬) যথাযথ নমিনি মনোনয়ন ব্যতিরেকে বিনিয়োগকারী মৃত্যুবরণ করিলে তাহার ওয়ারিশ বা ওয়ারিশগণ তাহার প্রতি প্রযোজ্য পার্সোনাল "ল" অনুযায়ী মুনাফাসহ বিনিয়োগকৃত অর্থ পাইবার অধিকারী হইবেন।

(৭) বিনিয়োগকারী মৃত্যুর পর নমিনি বা উত্তরাধিকারী ইচ্ছা করিলে বিনিয়োগকারীর মৃত্যুর তারিখ পর্যন্ত প্রাপ্য টাকা গ্রহণ করিতে পারিবেন অথবা সঞ্চয়পত্রের মেয়াদ পর্যন্ত নির্ধারিত হারে তিন মাস অন্তর মুনাফা উত্তোলন করিতে পারিবেন।

৯। **নগদায়ন পদ্ধতি ঃ**

(১) বিনিয়োগকারী সঞ্চয়পত্রের এবং নির্ধারিত ফরমের নির্দিষ্ট স্থানে অর্থ প্রাপ্তি স্বীকারপূর্বক দস্তখত দিয়া বিনিয়োগের ৩ (তিন) মাস পর হইতে কুপনের মাধ্যমে তিন মাস অন্তর মুনাফা গ্রহণ করিতে পারিবেন এবং মেয়াদ শেষে বিনিয়োগকৃত অর্থ গ্রহণ করিতে পারিবেন। মেয়াদ পূর্তির পূর্বেও ইচ্ছা করিলে বিনিয়োগকারী প্রাপ্য মুনাফাসহ বিনিয়োগকৃত অর্থ গ্রহণ করিতে পারিবেন। তবে এক বৎসরের মধ্যে নগদায়ন করিলে কোন মুনাফা প্রাপ্য হইবেনা।

(২) বিনিয়োগকারীর অসামর্থ্যের কারণে বিনিয়োগকারী কর্তৃক নির্ধারিত ব্যক্তি শুধু মুনাফা গ্রহণ করিতে পারিবেন। এই ক্ষেত্রে নির্ধারিত ব্যক্তির দস্তখত বিনিয়োগকারী কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

(৩) যে ইস্যু অফিস হইতে সঞ্চয়পত্র ক্রয় করা হয় সেই ইস্যু অফিস হইতে অন্য ইস্যু অফিসে (একই প্রতিষ্ঠানের) নিবন্ধন স্থানান্তরিত করিয়াও সঞ্চয়পত্রে অর্থ গ্রহণ করা যাইবে।

১০। **মুনাফার হার ঃ** ১১% মেয়াদান্তে।

(১) বিভিন্ন মূল্যমানের সঞ্চয়পত্রের মুনাফার পরিমাণ নিম্নরূপভাবে প্রদেয় হইবে ঃ—

বিনিয়োগের পরিমাণ (টাকা)	তিন মাস অন্তর প্রদেয় মুনাফার পরিমাণ (টাকা)
(ক) ১,০০,০০০	২,৭৫০
(খ) ২,০০,০০০	৫,৫০০
(গ) ৫,০০,০০০	১৩,৭৫০
(ঘ) ১০,০০,০০০	২৭,৫০০

প্রতি ১ লক্ষ টাকার উপর ত্রৈমাসিক ২,৭৫০ টাকা মুনাফা প্রদান করা হইবে। পাঁচ বৎসর মেয়াদ শেষে মূল বিনিয়োগকৃত অর্থ ফেরৎ পাওয়া যাইবে।

(২) মেয়াদ পূর্তির পূর্বে সঞ্চয়পত্র নগদায়ন করিলে নিম্নরূপভাবে মুনাফা প্রদান করা হইবেঃ—

মেয়াদ পূর্তির পূর্বে নগদায়ন করিলে প্রাপ্য মুনাফার হার	ঃ	১ম বৎসরান্তে ৭.৫% ২য় বৎসরান্তে ৮.২৫% ৩য় বৎসরান্তে ৯.০০% ৪র্থ বৎসরান্তে ৯.৭৫%

(৩) মেয়াদ পূর্তির পূর্বে সঞ্চয়পত্র নগদায়ন করিলে গৃহীত ত্রৈমাসিক মুনাফা কর্তনপূর্বক নিম্নরূপহারে আসল ফেরত প্রদান করা হইবে ঃ

সময়সীমা	তিন মাস অন্তর মুনাফা নগদায়ন করা হইলে বিনিয়োগকৃত অর্থ ফেরৎ গ্রহণ করিলে প্রাপ্য টাকার পরিমাণ
প্রথম বছরে	১,০০,০০০ গৃহীত মুনাফা কর্তনযোগ্য
প্রথম বছর অন্তে	১,০৭,৫০০—১১,০০০=৯৬,৫০০/-
দ্বিতীয় বছর অন্তে	১,১৬,৫০০—২২,০০০=৯৪,৫০০/-
তৃতীয় বছর অন্তে	১,২৭,০০০—৩৩,০০০=৯৪,০০০/-
চতুর্থ বছর অন্তে	১,৩৯,০০০—৪৪,০০০=৯৫,০০০/-

(৪) প্রথম বৎসর পূর্ণ হওয়ার পূর্বে সঞ্চয়পত্র নগদায়ন করিলে কোন মুনাফা দেওয়া হইবে না। এই ক্ষেত্রে ত্রৈমাসিক মুনাফা উত্তোলন করা হইয়া থাকিলে তাহা মূল টাকা হইতে বাদ দিয়া অবশিষ্ট টাকা ফেরত দেওয়া হইবে।

(৫) ১ম, ২য়, ৩য় কিংবা ৪র্থ বৎসর পূর্ণ হওয়ার পর সঞ্চয়পত্র নগদায়ন করিলে নীতি ১০(৩) এর ছক অনুযায়ী গৃহীত ত্রৈমাসিক মুনাফা বাদ দিয়া অবশিষ্ট অর্থ ফেরত দেওয়া হইবে। পূর্ণ বৎসর শেষে পরবর্তী ভগ্ন বৎসরে ত্রৈমাত্রিক মুনাফা গৃহীত হইয়া থাকিলে তাহাও কর্তন করিয়া রাখা হইবে।

১১। **সঞ্চয়পত্র হারানো ইত্যাদির ক্ষেত্রেঃ**

(১) সঞ্চয়পত্র হারাইয়া গেলে, চুরি হইয়া গেলে কিংবা পুড়িয়া অথবা নষ্ট হইয়া গেলে সংশ্লিষ্ট ইস্যু অফিস কর্তৃক শর্ত সাপেক্ষে উহার পরিবর্তে "ডুপ্লিকেট সঞ্চয়পত্র" ইস্যু করা হইবে।

(২) সঞ্চয়পত্র হারানো, চুরি হওয়া, পুড়িয়া কিংবা নষ্ট হওয়ার ক্ষেত্রে তৎসম্পর্কিত থানায় প্রদত্ত এজাহার (জি.ডি.এন্ট্রি) এর কপি, সংবাদপত্রে প্রকাশিত হারানো বিজ্ঞপ্তির কপিসহ, "ডুপ্লিকেট সঞ্চয়পত্র" ইস্যুর জন্য দরখাস্ত করিতে হইবে। এই দরখাস্তের জন্য কোন ফি দিতে হইবে না। সঞ্চয়পত্র হারানোর বিষয়ে একজন প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট এর প্রদত্ত একটি এফিডেভিটও আবেদন পত্রের সংগে জমা দিতে হইবে।

(৩) আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র গৃহীত হওয়ার এক মাস পর ডুপ্লিকেট সঞ্চয়পত্র ইস্যু করা হইবে। মূল সঞ্চয়পত্রের ইস্যুর তারিখই ডুপ্লিকেট সঞ্চয়পত্র ইস্যুর তারিখ হইবে।

১২। **অন্যান্য শর্তাবলীঃ**

(১) 'পেনশনার সঞ্চয়পত্র' ব্যাংক ঋণের জন্য জামানত/আমানত হিসাবে ব্যবহার করা যাইবে না।

(২) ব্যবসা-বাণিজ্যে পেনশনের সঞ্চয়পত্র জামানত হিসাবে ব্যবহার করা যাইবে না।

১৩। **অসুবিধা দূরীকরণ** ঃ এই নীতিমালায় নাই এমন কোন বিষয়ে কোন প্রশ্ন উত্থাপিত হইলে সংশ্লিষ্ট ক্ষেত্রে "Sanchayapatra Rules, 1977, First Amendment, 2002" প্রয়োজনীয় অভিযোজনসহ প্রযোজ্য হইবে।

ফরম-পিএসসি-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় সঞ্চয় পরিদপ্তর

নিবন্ধন নং-
তারিখ ঃ

পেনশনার সঞ্চয়পত্র ক্রয় ফরম

০১। অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর নাম ঃ............................ পদবী ঃ ....

০২। পারিবারিক পেনশনের আওতায় মৃত চাকরিজীবী স্বামী/স্ত্রী/ সন্তানের নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ ....

০৩। (ক) পেনশন প্রদানকারী অফিসের নাম ও ঠিকানা ঃ (খ) পেনশন গ্রহণকারীর স্থায়ী ঠিকানা ঃ
গ্রাম ঃ পোঃ
থানা ঃ জেলাঃ

০৪। পেনশনারের জন্ম তারিখ ঃ .... বয়স ঃ ....

০৫।

চাকরীতে যোগদানের তারিখঃ	অবসর গ্রহণের তারিখ ঃ	পারিবারিক পেনশন গ্রহণের তারিখঃ

০৬।(ক) প্রাপ্ত পেনশন বা গ্রাচ্যুইটি ঃ
টাঃ
(খ) প্রাপ্ত ভবিষ্য তহবিল ঃ
টাঃ

০৭। মোট কত টাকার সঞ্চয়পত্র ক্রয় করিতে ইচ্ছুক ঃ টাঃ
কথায় ঃ ।

০৮। চেকে প্রদত্ত হলে ঃ চেক নং- তারিখঃ ব্যাংকের নাম ঃ

০৯। কর সনাক্তকরণ নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

১০। নমিনি মনোনয়ন সংক্রান্ত ঃ

নমিনির নাম ও ঠিকানা	সম্পর্ক	টাকার পরিমাণ
(১)	....	....
(২)	....	....

১১। এ মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে, আমি ইতোপূর্বে আনুতোষিক ও ভবিষ্য তহবিলের অর্থে অন্য কোন ইস্যু অফিস হইতে পেনশনার সঞ্চয়পত্র ক্রয় করি নাই বা ক্রয় করার জন্য আবেদন করি নাই। অসত্য ঘোষণার কারণে সমুদয় সঞ্চয়পত্রের মুনাফা বাজেয়াপ্ত হইবে।

১২। আমি সংশ্লিষ্ট পেনশনার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৪ মানিয়া চলিতে বাধ্য থাকিব।

তারিখ ঃ পেনশনারের স্বাক্ষর

১৩। সঞ্চয়পত্র বুঝিয়া পাইলাম।

তারিখ ঃ পেনশনারের স্বাক্ষর

(প্রাপ্তি স্বীকার/সনাক্তকরণ রশিদ (ব্যাংক/ডাকঘর/সঞ্চয় ব্যুরো পূরণ করিবে)

০১। পেনশনারের নাম ঃ .... পেনশনারের নমুনা স্বাক্ষর

০২। নিবন্ধন নং ঃ .... তারিখ ঃ............

(১)
(২)

ইস্যু মূল্য	সঞ্চয়পত্রের ক্রমিক নম্বর

ইস্যু অফিসের সীল মোহর ও তারিখ

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

(ব্যাংক/ডাকঘর/সঞ্চয় ব্যুরো পূরণ করিবে)

১৪। ইস্যুকৃত সঞ্চয়পত্রের বিবরণ ঃ

মূল্যমান	সঞ্চয়পত্রের ক্রমিক নম্বর ও সংখ্যা	টাকার পরিমাণ

মোট ইস্যুকৃত সঞ্চয়পত্রের সংখ্যা .... ও টাকার পরিমাণ ....

১৫। স্থানান্তর, ডুপ্লিকেট সঞ্চয়পত্র ইস্যু ও অন্যান্য ক্ষেত্রে লিপিবদ্ধ তথ্যসমূহ ঃ

তারিখ ও সিলমোহর ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল

পেনশনার সঞ্চয়পত্র সম্পর্কে কতিপয় তথ্য

০১। এই ফরম শুধুমাত্র পেনশনার সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে ব্যবহার করা যাইবে।

০২। পেনশনার সঞ্চয়পত্র ব্যাংক, ডাকঘর ও জাতীয় সঞ্চয় ব্যুরো হইতে ক্রয় ও নগদায়ন করা যায়।

০৩। সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার অবসরপ্রাপ্ত চাকুরিজীবীর এবং পারিবারিক পেনশনের আওতায় মৃত চাকরিজীবীর স্বামী/স্ত্রী/সন্তান প্রাপ্ত আনুতোষিক ও ভবিষ্য তহবিলের অর্থে একক নামে সর্বোচ্চ ২০ (বিশ) লক্ষ টাকার পেনশনার সঞ্চয়পত্র ক্রয় করিতে পারিবেন।

০৪। এই সঞ্চয়পত্র ৫ (পাঁচ) বছর মেয়াদী। মেয়াদ পূর্তিতে শুধুমাত্র বিনিয়োজিত আসল অর্থ পুনঃর্বিনিয়োগ করা যায়। প্রয়োজনে মেয়াদ পূর্তির পূর্বেও নগদায়ন করা যায়। এক বছর পূর্বে নগদায়ন করিলে কোন মুনাফা প্রদেয় হইবে না।

০৫। এই সঞ্চয়পত্রের মুনাফা ১১% (মেয়াদান্তে)। তিন মাস অন্তর মুনাফা উত্তোলন করা যায়। মেয়াদ শেষে মূল টাকা ফেরত পাওয়া যায়। মেয়াদ পূর্তির পূর্বে নগদায়ন করিলে ১ম বৎসরান্তে ৭.৫%, ২য় বৎসরান্তে ৮.২৫%, ৩য় বৎসরান্তে ৯.০০% এবং ৪র্থ বৎসরান্তে ৯.৭৫% হারে মুনাফা প্রদান করা হয় এবং অতিরিক্ত গৃহীত মুনাফা ত্রৈমাসিক মুনাফার টাকা বাদ দিয়া অবশিষ্ট টাকা ফেরত দেওয়া হয়।

০৬। এই সঞ্চয়পত্র হারাইয়া গেলে, চুরি হইলে অথবা অন্য কোন কারণে বিনষ্ট হইলে সেইক্ষেত্রে ক্রেতার অনুকূলে "ডুপ্লিকেট সঞ্চয়পত্র" ইস্যু করা হয়। এই ক্ষেত্রে ইস্যুকারী অফিসকে সত্বর অবহিত করিতে হইবে।

০৭। সঞ্চয়পত্রের সনাক্তকরণ রশিদটি সঞ্চয়পত্রের সংগে না রাখিয়া পৃথকভাবে যত্নসহকারে রাখা বাঞ্ছনীয়।

(এই রশিদটি সঞ্চয়পত্রের সাথে না রাখিয়া পৃথকভাবে যত্নসহকারে রাখা বাঞ্ছনীয়)

ফরম পিএসপি-২

প্রাপ্ত আনুতোষিক ও ভবিষ্য তহবিলের সনদপত্র

(নিয়োগকারী কর্তৃপক্ষ পূরণ করবেন)

০১। অবসরপ্রাপ্ত চাকরিজীবীর নাম ঃ

০২। পদবী ঃ

০৩। অফিস/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

০৪। পারিবারিক পেনশনের আওতায় মৃত চাকরিজীবীর স্বামী/স্ত্রী/সন্তান এর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

০৫। চাকরীতে যোগদানের তারিখ ঃ

০৬। অবসর গ্রহণের তারিখ ঃ

০৭। জন্ম তারিখ ঃ

০৮। পারিবারিক পেনশন গ্রহণের তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

০৯। মঞ্জুরীকৃত আনুতোষিক/গ্রাচুইটির পরিমাণ ঃ টাকা ঃ

(কথায় ঃ

১০। মঞ্জুরীকৃত ভবিষ্য তহবিলের পরিমাণ ঃ টাকা ঃ

(কথায় ঃ

অফিস/প্রতিষ্ঠানের সিল মোহর ও তারিখ নিয়োগকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল

রাষ্ট্রপতির আদেশক্রমে

খায়রুজ্জামান চৌধুরী

সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯
(সংশোধিত-২০১৫)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন ঃ

(১) এই নীতিমালা “পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯” নামে অভিহিত হইবে।

(২) এই নীতিমালা ২০০৯ সালে পুনঃপ্রবর্তিত “পরিবার সঞ্চয়পত্রের” ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞাঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই নীতিমালায়-

(১) “ইস্যু অফিস” বলিতে বাংলাদেম ব্যাংক, সকল বাণিজ্যিক ব্যাংক, ডাকঘর, জাতীয় সঞ্চয় ব্যুরো ও উহাদের যে কোন শাখা অফিসকে বুঝাইবে।

(২) “ফরম” বলিতে এই নীতিমালার সহিত সংযোজিত সঞ্চপত্র ক্রয়ের ফরম বুঝাইবে।

(৩) “মাস বলিতে ইংরেজী ক্যালেন্ডারের হিসাবে মাস বুঝাইবে।

(৪) “সঞ্চয়পত্র” বলিতে পরিবার সঞ্চয়পত্র” বুঝাইবে।

৩। সঞ্চয়পত্র ক্রয়ের যোগ্যতা ঃ

১৮ (আঠার) এবং তদুর্ধ্ব বয়সের যে কোন বাংলাদেশী মহিলা, যে কোন বাংলাদেশী শারীরিক প্রতিবন্ধী (পুরুষ ও মহিলা) এবং ৬৫ (পঁয়ষট্টি) ও তদুর্ধ্ব বয়সের বয়োজ্যেষ্ঠ যে কোন বাংলাদেশী নাগরিক (পুরুষ ও মহিলা) নির্ধারিত ফরমে এই সঞ্চয়পত্র ক্রয়ের আবেদন করিতে পারিবেন। একক নামে সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) লক্ষ টাকার এই সঞ্চয়পত্র ক্রয় করিতে পারিবেন। এই সঞ্চয়পত্র যুগ্ম নামে ক্রয় করা যাইবে না, এবং ইহাতে প্রতিষ্ঠানের টাকাও খাটানো যাইবে না।

৪। মেয়াদ ঃ সঞ্চয়পত্রের মেয়াদ ৫ (বৎসর) হইবে।

৫। মূল্যমান ঃ সঞ্চয়পত্রের মূল্যমান হইবে ১০ (দশ) হাজার টাকা, ২০ (বিশ) হাজার টাকা, ৫০ (পঞ্চাশ) হাজার টাকা, ১ (এক) লক্ষ টাকা এবং ৫ (পাঁচ) লক্ষ টাকা এবং ১০(দশ) লক্ষ টাকা।

---

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ নং প্রজ্ঞাপনের মাধ্যমে অনুচ্ছেদ -১ সংশোধন করা হয়েছে।

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ নং প্রজ্ঞাপনের মাধ্যমে অনুচ্ছেদ - ২ সংশোধন করা হয়েছে।

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ নং প্রজ্ঞাপনের এর মাধ্যমে অনুচ্ছে - ৩ সংশোধন করা হয়েছে।

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২১/০৬/২০১০খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/১৪৯ নং প্রজ্ঞাপনের এর মাধ্যমে অনুচ্ছেদ - ৩ সংশোধন করা হয়েছে।

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১২/০৯/২০১২খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়-০১/২০১২/২৭২ নং প্রজ্ঞাপনের এর মাধ্যমে অনুচ্ছেদ - ৩ সংশোধন করা হয়েছে।

* *অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ ও ২১/০৬/২০১০খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/১৪৯ নং প্রজ্ঞাপনের এর মাধ্যমে অনুচ্ছেদ- ৫ সংশোধন করা হয়েছে।*

৬। মুনাফা ঃ

(১) মুনাফার হার ঃ ১১.৫২% মেয়াদান্তে। পরিবার সঞ্চয়পত্রের বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার নিম্নোক্ত ছক-১ অনুযায়ী প্রদেয় হইবে ঃ

ছক-১ ঃ পরিবার সঞ্চয়পত্রে বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার

নগদায়ন কাল	মুনাফার হার
১	২
১ম বছরান্তে	৯.৫০%
২য় বছরান্তে	১০.০০%
৩য় বছরান্তে	১০.৫০%
৪র্থ বছরান্তে	১১.০০%
৫ম বছরান্তে	১১.৫২%

টীকা: (১) পূর্ণমেয়াদের জন্য ১ (এক) লক্ষ টাকায় প্রতি মাসে মুনাফার কিস্তি সর্বোচ্চ ১১.৫২% হারে টাকা ৯,৬০.০০ (নয়শত ষাট) মাত্র প্রদেয় হইবে। প্রযোজ্য ক্ষেত্রে উৎসে আয়কর/লেভী কর্তন হইবে। কিন্তু যেক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে বিনিয়োগকৃত টাকা উত্তোলন করা হইবে, সেক্ষেত্রে উপরের ছক-১ (পরিবার সঞ্চয়পত্রে বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার)-এ প্রদর্শিত বছরভিত্তিক হারে মুনাফা প্রদেয় হইবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হইয়া থাকিলে উহা মূল টাকা হইতে কর্তন করিয়া সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করিতে হইবে।

টীকা. (২)ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৩/০৫/২০১৫খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন নং ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭ (অংশ)/১৪৫ এর মাধ্যমে বাতিল করা হয়েছে।

(২) বিভিন্ন মূল্যমানের পরিবার সঞ্চয়পত্রের মুনাফার পরিমাণ নিম্নরুপ হইবে-

ছক-১ (ক) : বিভিন্ন মূল্যমানের সঞ্চয়পত্রে মাসিক ভিত্তিতে প্রদেয় মুনাফার পরিমাণ ঃ

বিনিয়োগের পরিমাণ (টাকায়)	মাসিক ভিত্তিতে প্রদেয় মুনাফার পরিমাণ (টাকায়)
১	২
(ক) ১০,০০০/-	৯৬.০০
(খ) ২০,০০০/-	১৯২.০০
(গ) ৫০,০০০/-	৪৮০.০০
(ঘ) ১,০০,০০০/-	৯৬০.০০
(ঙ) ২,০০,০০০/-	১,৯২০.০০
(চ) ৫,০০,০০০/-	৪,৮০০.০০
(ছ) ১০,০০,০০০/-	৯,৬০০.০০

টীকা: (১) মাসিক মুনাফা উত্তোলনের পর ৫(পাঁচ) বছর মেয়াদ শেষে মূল বিনিয়োগকৃত অর্থ ফেরত পাওয়া যাইবে।

(৩) পরিবার সঞ্চয়পত্রে মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করিলে গৃহীত মাসিক মুনাফা কর্তনপূর্বক অবশিষ্ট অর্থ ফেরত দেওয়া হইবে। ১(এক) লক্ষ টাকার পরিবার সঞ্চয়পত্র ক্রয় করিয়া মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করিলে নিম্নোক্ত ছক-১(খ) মোতাবেক অর্থ ফেরত পাওয়া যাইবে-

ছক-১(খ): পরিবার সঞ্চয়পত্রে মেয়াদপূর্তির পূর্বে নগদায়নের ক্ষেত্রে ১(এক)লক্ষ টাকায় ফেরৎযোগ্য টাকার পরিমাণ-

সময়সীমা	মাসিক মুনাফা উঠাইয়া বিনিয়োকৃত অর্থ ফেরত গ্রহণ করিলে প্রাপ্য টাকার পরিমাণ
১ম বৎসর চলাকালীন	১,০০,০০০-গৃহীত মুনাফা
২য় বৎসর চলাকালীন	১,০৯,৫০০-গৃহীত মুনাফা
৩য় বৎসর চলাকালীন	১,২০,০০০-গৃহীত মুনাফা
৪র্থ বৎসর চলাকালীন	১,৩১,৫০০-গৃহীত মুনাফা
৫ম বৎসর চলাকালীন	১,৪৪,০০০-গৃহীত মুনাফা

** অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ - ৬ এর উপানুচ্ছেদ (১) (২) (৩) সংশোধনপূর্বক মুনাফার হার পুনঃনির্ধারণ করা হয়েছে।*

** অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২১/০৬/২০১০খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/১৪৯ এর মাধ্যমে অনুচ্ছেদ - ৬ এর উপানুচ্ছেদ (১) (২) (৩) সংশোধনপূর্বক মুনাফার হার পুনঃনির্ধারণ করা হয়েছে। ।*

** অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৬/০৮/২০১১খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০৩/৯৭(অংশ)/১৬৬ এর মাধ্যমে অনুচ্ছেদ - ৬ এর*

** উপানুচ্ছেদ (১) (২) (৩) সংশোধনপূর্বক মুনাফার হার পুনঃনির্ধারণ করা হয়েছে। ।*

** অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৩/০২/২০১২খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০৩/৯৭(অংশ)/৫৩ এর মাধ্যমে অনুচ্ছেদ - ৬ এর উপানুচ্ছেদ (১) (২) (৩) সংশোধনপূর্বক মুনাফার হার পুনঃনির্ধারণ করা হয়েছে। ।*

** অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৩/০৫/২০১৫খ্রিঃ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ)/১৪৫ এর মাধ্যমে অনুচ্ছেদ - ৬ এর উপানুচ্ছেদ (১) (২) (৩) সংশোধনপূর্বক মুনাফার হার পুনঃনির্ধারণ করা হয়েছে।*

৭। আয়করঃ সঞ্চয় স্কীমের মুনাফার উপর আরোপিত উৎসে আয়কর কর্তন বহাল থাকিবে।

৮। ক্রয় পদ্ধতি ও নিবন্ধন ঃ

(১) নির্ধারিত ফরম ফরণ করিয়া ইস্যু অফিসে নগদ অর্থ বা চেকের মাধ্যমে এই সঞ্চয়পত্র ক্রয় করা যাইবে। চেকের মাধ্যমে সঞ্চয়পত্র ক্রয় করিলে চেকে উল্লেখিত অর্থ সংগ্রহের তারিখে সঞ্চয়পত্র ইস্যু করা হইবে।

(২) ইস্যু অফিস বিনিয়োগকারীর নাম, ঠিকানা ও তৎকর্তৃক ক্রয়কৃত সঞ্চপত্রের বিবরণাদি এতদুদ্দেশ্যে রক্ষিত একটি রেজিস্টারে নিবন্ধন করিবে।

৯। নগদায়ন পদ্ধতি ঃ

বিনিয়োগকারী সঞ্চয়পত্রের কুপনের নির্দিষ্ট স্থানে অর্থ প্রাপ্তি স্বীকারপূর্বক দস্তখত দিয়া, বিনিয়োগের ১ (এক) মাস পর হইতে কুপনের মাধ্যমে মাসিক মুনাফা গ্রহণ করিতে পারিবেন এবং মেয়াদ শেষে বিনিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ৬(১) অনুযায়ী প্রাপ্য মুনাফাসহ বিনিয়োগকৃত অথ্য গ্রহণ করিতে পারবেন।

বিনিয়োগকারীর অসামর্থ্যের কারণে তাহার মনোনীত ব্যক্তি শুধুমাত্র মুনাফা গ্রহণ করিতে পারিবেন। এই ক্ষেত্রে মনোনীত ব্যক্তির দস্তখত বিনিয়োগকারী কর্তৃক সত্যায়িত করিতে হইবে।

যে ইস্যু অফিস হইতে সঞ্চয়পত্র ক্রয় করা হয়, সেই ইস্যু অফিস হইতে অন্য ইস্যু অপিসে (একই প্রতিষ্ঠানের) নিবন্ধন হস্তান্তর করিয়া সঞ্চয়পত্রের অর্থ গ্রহণ করা যাইবে।

১০। মনোনয়ন ঃ

(১) বিনিয়োগকারী যে কোন এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবেন এবং বিনিয়োগকারীর মৃত্যুর ক্ষেত্রে এইরুপ মনোনয়ন কার্যকর হইবে।

---

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৪/০২/১৯৯৭খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-৬/৯৬/৫ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৭ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৭ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২১/০৬/২০১০খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/১৪৯ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৭ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১১/০৮/২০১০খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২০১ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৭ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৬/০৮/২০১১খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০৩/৯৭(অংশ)/১৬৬ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৭ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৩/০২/২০১২খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০৩/৯৭(অংশ)/৫৩ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৭ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৩/০৫/২০১৫খ্রিঃ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ)/১৪৫ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৭ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৮ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৯ সংশোধিত হইয়াছে।

(২) বিনিয়োগকৃত অর্থের সম্পূর্ণ অথবা আংশবিশেষের জন্য মনোনয়ন প্রদান করা যাইবে।

(৩) বিনিয়োগের সময় মনোনয়ন প্রদান না করিলে পরবর্তী সময়েও বিনিয়োগকারী ইচ্ছা করিলে মনোনয়ন প্রদান করিতে পারিবেন

(৪) বিনিয়োগকারী ইচ্ছা করিলে যে কোন সময় মনোনয়ন পরিবর্তন বা বাতিল করিতে পারিবেন।

(৫) বিনিয়োগকারী র পূর্বে মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণের মৃত্যু হইলে সংশ্লিষ্ট মৃত ব্যক্তির ক্ষেত্রে উক্ত মনোনয়ন বাতিল বলিয়া গণ্য হইবে।

(৬) যথাযথ মনোনয়ন ব্যতিরেকে বিনিয়োগকারী মৃত্যুবরন করিলে তাহার ওয়ারিশ বা ওয়ারিশগণ তাহার প্রতি প্রযোজ্য পার্সোনাল ল' অনুযায়ী মুনাফাসহ বিনিয়োগকৃত অর্থ পাইবার অধিকারী হইবেন।

(৭) বিনিয়োগকারীর মৃত্যুর পর নমিনী বা উত্তরাধিকারী ইচ্ছা করিলে বিনিয়োগকারীর মৃত্যুর তারিখ পর্যন্ত প্রাপ্য টাকা গ্রহণ করিয়া প্রকল্প বন্ধ করিতে পারিবেন অথবা সঞ্চয়পত্রের মেয়াদ পর্যন্ত প্রকল্প চালু রাখিয়া নির্ধারিত হারে মুনাফা উত্তোলন করিতে পারিবেন

১১। সঞ্চয়পত্র হারানো ইত্যাদির ক্ষেত্রে ঃ

(১) সঞ্চয়পত্র হারাইয়া গেলে, চুরি হইয়া গেলে কিংবা পুড়িয়া অথবা নষ্ট হইয়া গেলে সংশ্লিষ্ট ইস্যু অফিস কর্তৃক উহার পরিবর্তে ডুপ্লিকেট সঞ্চয়পত্র ইস্যু করা হইবে।

(২) সঞ্চয়পত্র হারানো, চুরি হওয়া, পুড়িয়া কিংবা নষ্ট হওয়ার ক্ষেত্রে থানায় প্রদত্ত তৎসম্পর্কিত এজাহার (জিডিএন্টি) এর সত্যায়িত কপি, দৈনিক সংবাদপত্রে প্রকাশিত হারানো বিজ্ঞপ্তির কপিসহ "ডুপ্লিকেট সঞ্চয়পত্র" ইস্যুর জন্য দরখাস্ত করিতে হইবে। সঞ্চয়পত্র হারানোর বিষয়ে একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের সামনে প্রদত্ত একটি এফিডেভিট ও ইনডেমনিটি বন্ড আবেদনপত্রের সংগে জমা দিতে হইবে।

(৩) আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র গৃহিত হওয়ার এক মাস পর "ডুপ্লিকেট সঞ্চয়পত্র" ইস্যু করা হইবে। মূল সঞ্চয়পত্রের ইস্যুর তারিখই ডুপ্লিকেট সঞ্চয়পত্রের ইস্যুর তারিখ হইবে।

১২। অন্যান্য শর্তাবলী ঃ

(১) পরিবার সঞ্চয়পত্র ব্যাংক ঋণের জন্য জামানত/আমানত হিসাবে ব্যবহার করা যাইবে না।

(২) ব্যবসা-বাণিজ্যে পরিবার সঞ্চয়পত্র জামানত হিসাবে ব্যবহার করা যাইবে না।

(৩) "সঞ্চয়পত্র ক্রয় ফরমে জাতীয় পরিচয়পত্রের নম্বর অন্তর্ভূক্তি এবং কর্তৃপক্ষকে উহা প্রদর্শন বাধ্যতামূলক। ক্রেতা জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করিতে অপারগ হইলে সেই ক্ষেত্রে পাসপোর্টে অথবা জন্মনিবন্ধন সনদের নম্বর অন্তর্ভূক্তি এবং কর্তৃপক্ষকে উহা প্রদর্শন বাধ্যতামূলক হইবে।"

১৩। অসুবিধা দূরীকরণ ঃ এই নীতিমালায় উল্লেখিত নাই এমন কোন বিষয়ে কোন প্রশ্ন উত্থাপিত হইলে সংশ্লিষ্ট ক্ষেত্রে Sanchayapatra Rules, 1977 (Amended upto June, 2002) অনুযায়ী প্রয়োজনীয় অভিযোজন প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
ড. নাসিরউদ্দীন আহমেদ
সচিব।

** অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ-১০ এর উপানুচ্ছেদ (৭) সংশোধন করা হয়েছে।*

** অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ-১১এর উপানুচ্ছেদ (২) সংশোধন করা হইয়াছে।*

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ-১১এর উপানুচ্ছেদ (৩) সংশোধন করা হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ-১২ ও ১৩ সংযোজন করা হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২১/০৬/২০১০খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/১৪৯ এর মাধ্যমে অনুচ্ছেদ - ১২ এ উপানুচ্ছেদ ৩ সংযোজন করা হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২১/১০/২০১০খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৫৬ এর মাধ্যমে অনুচ্ছেদ - ১২ এর উপানুচ্ছেদ ৩ সংশোধন করা হইয়াছে।

ক্রেতার
সত্যায়িত ছবি

সঞ্চয়পত্র সম্পর্কে কতিপয় তথ্য ঃ

১। সঞ্চয়পত্র ব্যাংক, ডাকঘর ও জাতীয় সঞ্চয় ব্যুরো থেকে কেনা ও ভাংগানো যায়।সত্যায়িত ছবি

২। ৫ বছর মেয়াদী পরিবার সঞ্চয়পত্র একক নামে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা ক্রয় করা যায়। ক্রয়সীমার অতিরিক্ত ক্রয়কৃত সঞ্চয়পত্রে কোন মুনাফা অর্জিত হয় না।

৩। প্রয়োজনে মেয়াদপূর্তির আগে নগদায়ন করা যায়, তবে এক বছর পূর্ণ হওয়ার আগে নগদায়ন করিলে কোন মুনাফা পাওয়া যায় না।

৪। সঞ্চয়পত্র হারাইয়া গেলে বা চুরি হইয়া গেলে অথবা অন্য কোন কারণে বিনষ্ট হইয়া গেলে ক্রেতার অনুকুলে "ডুপ্লিকেট সঞ্চয়পত্র" ইস্যু করা হয়। সে ক্ষেত্রে ইস্যুকারী অফিসের সহিত সত্ত্বর যোগাযোগ করিতে হইবে।

৫। সঞ্চয়পত্র সনাক্তকরণ রশিদটি সঞ্চয়পত্রের সংগে না রাখিয়া পৃথকভাবে যত্ন সহকারে রাখা বাঞ্চনীয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় পরিদপ্তর
পরিবার সঞ্চয়পত্র ক্রয়ের ফরম

নিবন্ধন নং	তারিখ

০১। ক্রেতার নাম...

০২। ক্রেতার ঠিকানা ঃ (ক) স্থায়ী ঠিকানা ঃ (খ) বর্তমান ঠিকানা ঃ

....

....

০৩। ক্রেতার বয়স ঃ জন্ম তারিখ.................................... ক্রয়ের তারিখে বয়স ঃ...

০৪। মোট কত টাকার সঞ্চয়পত্র ক্রয় করতে ইচ্ছুক ঃ অংকে ঃ

কথায় ঃ

০৫। পরিশোধের ধরণ ঃ

নগদ/চেক নং.................................. তারিখ ঃ ব্যাংক ঃ ....

নমিনির
সত্যায়িত ছবি

০৮। নমিনির মনোনয়ন সংক্রান্ড়

নমিনির গণ এর স্বাক্ষদ্ব/বৃদ্ধাংগুলির ছাপ

নমিনির নাম ও ঠিকানা ঃ

(১) নাম ঃ .... সম্পর্ক ঃ............................. টাকার পরিমাণ.............. ১।

(ক) স্থায়ী ঠিকানা ঃ..............................(খ) বর্তমান ঠিকানা ঃ...........................

....

(২) নাম ঃ .... সম্পর্ক ঃ.................... টাকার পরিমাণ ঃ..................... ২।

(ক)স্থায়ী ঠিকানা ঃ..................(খ) বর্তমান ঠিকানা ঃ..

....

অপর পাতায় দ্রষ্টব্য

০৯। এই মর্মে অংগীকার করিতেছি যে, আমি সর্বোচ্চ ক্রয়সীমার অতিরিক্ত সঞ্চপত্র ক্রয় করি নাই। ক্রয়সীমার অতিরিক্ত সঞ্চপত্র ক্রয় করিয়া থাকিলে উক্ত সঞ্চয়পত্রের কোন মুনাফা প্রাপ্য হইব না। আমি সংশিণ্টষ্ট সঞ্চপত্রের বিধি মানিয়া চলিতে বাধ্য থাকিব।

তারিখঃ.................................. ক্রেতার স্বাক্ষর অথবা বৃদ্ধাঙ্গুলীর ছাপ

প্রাপ্তি স্বীকার/সনাক্তকরণ রশিদ (ব্যাংক/ডাকঘর/সঞ্চয় ব্যুরো পূরণ করবে)

ক্রেতার সত্যায়িত	ছবিনিবন্ধন নং	তারিখ	নমিনি(গণ)এর সত্যায়িত ছবি

ক্রেতার নাম	ক্রেতার স্বাক্ষর/বৃদ্ধাংগুলির ছাপ	নমিনি(গণ)এর নাম	নমিনি(গণ) স্বাক্ষর/বৃদ্ধাংগুলির ছাপ
(ক)...........................	....	(ক)............................ (খ)...........................	....

ইস্যু মূল্য	সঞ্চয়পত্রের ক্রমিক নং

ইস্যু অফিসের সিলমোহর ও তারিখ

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর স্বাক্ষর ও সীল

(ব্যাংক/ ডাকঘর/সঞ্চয় ব্যুরো পূরণ করবে)

১০। সঞ্চয়পত্রের বিবরণ ঃ

মূল্যমান	সঞ্চয়পত্রের ক্রমিক নং	সংখ্যা	টাকার পরিমাণ

মোট ইস্যুকৃত সঞ্চয়পত্রের সংখ্যা...ও টাতার পরিমাণ...

(অপর পাতায় দ্রষ্টব্য)

১১। বর্ণিত সঞ্চয়পত্র বুঝিয়া পাইলাম।

তারিখ ঃ.................................. ক্রেতার স্বাক্ষর/ বৃদ্ধাংগুলির ছাপ

১২। স্থানান্তরিত, হস্তান্তর, ডুপ্লিকেট রশিদ ইস্যু ও অন্যান্য বিষয় সংক্রান্ত তথ্য সমূহ ঃ

তারিখ ও সিলমোহর ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

....

এই রশিদটি সঞ্চয়পত্রের সহিত না রাখিয়া পৃথকভাবে যত্নসহকারে রাখা বাঞ্ছনীয়।

মোঃ মাছুম কান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেম সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আবুল কাসেম, অতিঃ নিয়ন্ত্রক, উপ-নিয়ন্ত্রক এর অতিরিক্ত দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd